দৈনিক ইত্তেফাক
তারিখ ... 12 APR 1988 ...
পৃষ্ঠা ... 3 ... 6 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

006



# '৮৮ সালে এইচ এস সি পরীক্ষায় রাজশাহী ও যশোর বোর্ডে প্রায় ৯ হাজার পরীক্ষার্থীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

ঝিনাইদহ সংবাদদাতা জানান, ১৯৮৮ সালের জুন মাসে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অসদুপায় অবলম্বন, দুর্নীতির আশ্রয় গ্রহণ, অসদাচরণ পরীক্ষা পরিচালন বিধি বহির্ভূত কার্যকলাপের দায়ে রাজশাহী ও যশোর বোর্ডে ৮ হাজার ৮ শত ৮৬ জন পরীক্ষার্থী-পরীক্ষার্থিনীকে দোষী সাব্যস্ত করিয়া শাস্তি প্রদান করা হইয়াছে।

গত ২৮ ও ২৯শে ডিসেম্বর তারিখে রাজশাহী বোর্ডের শৃংখলা কমিটির সভায় পরীক্ষা পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণের নিকট হইতে প্রাপ্ত রিপোর্টের পুঙ্খানুপুঙ্খরূপে পর্যালোচনার ভিত্তিতে মোট ৪ হাজার ৪ শত ৭ জন পরীক্ষার্থী-পরীক্ষার্থিনীকে বিভিন্ন মেয়াদের শাস্তি প্রদান করা হয়।

মোট শাস্তিপ্রাপ্তদের মধ্যে ২ হাজার ৮ শত ৭ জনের ১৯৮৮ সালের পরীক্ষা বাতিল করা হয়। ১ হাজার ৪ শত ৭০ জনের '৮৮ সালের পরীক্ষা বাতিল ও '৮৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ হইতে বিরত রাখা হয়, ১৭ জনকে '৮৮ সালের পরীক্ষা বাতিলসহ '৮৯ ও ৯০ সালের পরীক্ষায় অংশগ্রহণ হইতে বিরত রাখা হয় এবং ১০৭ জনকে '৮৮ সালের পরীক্ষা বাতিলসহ '৮৯ '৯০ ও '৯১ সাল পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ হইতে বিরত রাখা হয়।

১৯৮৬ ও '৮৭ সালে পরীক্ষায় নকল করিবার দায়ে বহিষ্কৃত হওয়ার তথ্য গোপন করিয়া '৮৮তে পরীক্ষায় অংশগ্রহণের পর উহা ধরা পড়িলে ৬ জনকে '৮৮ সালে পরীক্ষা বাতিলসহ পরবর্তী আরও ৪ বছরের জন্য বহিষ্কার করা হয়।

**যশোর বোর্ড**

গত ১২ই ফেব্রুয়ারীতে অনুষ্ঠিত যশোর বোর্ডের শৃংখলা কমিটির সভায় পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে দোষী প্রমাণিত হওয়ায় মোট ৪ হাজার ৪ শত ৭৯ জন পরীক্ষার্থী-পরীক্ষার্থিনীকে শাস্তি দেওয়া হয়। তন্মধ্যে ২ হাজার ৮ শত ৫৯ জনের '৮৮ সালের পরীক্ষা বাতিল করা হয়। ১ হাজার ৪ শত

(৫ম পৃঃ দ্রঃ)

## '৮৮ সালে এইচএসসি

(৩য় পৃঃ পর)

৬৯ জনকে '৮৮ সালের পরীক্ষা বাতিলসহ '৮৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ হইতে বিরত রাখা হয়, ১৩৪ জনকে '৮৮ সালের পরীক্ষা বাতিলসহ '৮৯, '৯০ সালের পরীক্ষায় অংশগ্রহণ হইতে বিরত রাখা হয়। ৯ জনকে '৮৮ সালের পরীক্ষা বাতিলসহ '৮৯, '৯০ ও '৯১ সালের পরীক্ষায় অংশগ্রহণ হইতে বিরত রাখা হয় এবং ৮ জনকে '৮৮ সালের পরীক্ষা বাতিলসহ '৮৯, '৯০, '৯১ ও '৯২ সাল পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ হইতে বিরত রাখা হয়। শৃংখলা কমিটি ৬০ জনের বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ আরও তদন্তসাপেক্ষে তাহাদের বিরুদ্ধে সিদ্ধান্ত গ্রহণ স্থগিত রাখে এবং ১৩ জনের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাহাদের পরীক্ষার ফল প্রকাশ করে।